জীবননগরে উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত

জীবননগর উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার সকাল ১১টায় সময় জীবননগর উপজেলা পরিষদের আয়োজনে উপজেলা পরিষদের সভাকক্ষে মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান মো. হাফিজুর রহমানের সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) হাসিনা মমতাজ, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) তিথি মিত্র, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এস, এম জাবীদ হাসান, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সেলিনা আক্তার সীমু, মনোহরপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন খাঁন সুরোদ্দীন, সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইসাবুল ইসলাম মিল্টন, বাঁকা ইউপি চেয়ারম্যান আব্দুল কাদের প্রধান, হাসাদাহ ইউপি চেয়ারম্যান রবিউল ইসলাম বিশ্বাস, রায়পুর ইউপি চেয়ারম্যান তাহাজ্জদ মির্জা, উথলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল হান্নান, কেডিকে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান খাইরুল বাশার শিপলুসহ সকল দপ্তরের কর্মকর্তা এসময় উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের আয়োজনে আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার সকাল সাড়ে ১০ টায় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয় চত্বরের ডিসি সাহিত্য মঞ্চে জেলা শিল্পকলা একাডেমির পরিচানলায় এ অনুষ্ঠানের আয়োজন করে জেলা প্রশাসন।

চুয়াডাঙ্গার জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমার সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সভাপতি চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন এমপি।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, আজকের এই দিনটা একদিকে বেদনাবিধুর। আর একদিকে আমাদের শক্তি ও সাহস এগিয়ে চলার পথ প্রদর্শক। বাঙ্গালী জাতীর যা কিছু তার সবই রক্তের বিনিময়ে অর্জন করতে হয়েছে। সেই রক্তকেই আমরা ভুলতে বসেছি। আমাদের ভুলে গেলে চলবে না। বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষার্থীদের উদ্দেশ্যে তিনি বলেন, শুধু ক্লাসের বই পড়ে শিক্ষীত হলে হবে না। আমাদের দেশটা কিভাবে বাংলাদেশ হয়ে তার ইতিহাস জানতে হবে। ক্লাসের বইয়ের পাশাপাশি স্বাধিনতার ইতিহাস পড়তে হবে। বিজাতী চক্র থেকে আমাদের বেরিয়ে আসতে হবে। তিনি আরও বলেন, আমাদের সময় যখন প্রভাতফেরি হতো তখন আমরা খালিপায়ে রাস্তায় হেটেছি। কিন্তু আজকের যুগের ছেলে-মেয়েদের আধুনিকতার ছোঁয়ায় সেটা হারিয়ে গেছে।

আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আরএম ফয়জুর রহমান, জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু, চুয়াডাঙ্গার পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক খোকন প্রমুখ।

চুয়াডাঙ্গা সরকারি কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক ড. মুন্সী আবু সাইফের প্রাণবন্ত সঞ্চালনায় আলোচনা সভায় মুল প্রবন্ধ উপস্থাপন করেন চুয়াডাঙ্গা সরকারি আদর্শ মহিলা কলেজের সহযোগী অধ্যাপক ও বাংলা বিভাগের বিভাগীদ প্রধান ড. মো. আব্দুর রশীদ।

এসময় উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) নাজমুল হামিদ রেজা, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) কবীর হোসেন, স্থানীয় সরকারের উপপরিচালক শারমিন আক্তার, চুয়াডাঙ্গা পৌর ডিগ্রি কলেজের অধ্যক্ষ প্রফেসর আবু রাশেদ, চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার ফাতেমা-তুজ-জোহরা, সদর উপজেলা সহকারী কমিশনার (ভুমি) সাজ্জাদ হোসেন, জেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মুন্সী আলমগীর হান্নান, জেলা মার্কেটিং অফিসার সহিদুল ইসলাম, এসএ টেলিভিশনের চুয়াডাঙ্গা প্রতিনিধি বিপুল

আশরাফ সহ জেলা প্রশাসন, পুলিশ বিভাগ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ।

আলোচনা সভা শেষে চুয়াডাঙ্গা জেলা শিল্পকলা একাডেমির পরিবেশনায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয় এবং বিভিন্ন প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

“বাঙালিদের অস্তিত্বের জানান দেওয়াই ছিলো ২১শে ফেব্রুয়ারি”……. এমপি সাগর

মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য ডাক্তার আবু সালেহ মোহাম্মদ নাজমুল হক সাগর বলেন, একুশে ফেব্রুয়ারি শুধু একটি আন্দোলন ছিলনা, একুশে ফেব্রুয়ারি ছিলো বাঙালি জাতিসত্তার প্রাথমিক দাবি। বাঙালিদের অস্তিত্বের জানান দেওয়াই ছিলো ২১শে ফেব্রুয়ারি। শুধু ভাষার জন্য নয়, বাঙালিকে বিশ্বের বুকে তুলে ধরতেই ভাষা আন্দোলন শুরু হয়েছিল। তাই ভাষাকে বিকৃত করে নয়, শুদ্ধ ভাষায় বাংলা ভাষা শিখতে হবে।

গাংনী উপজেলা প্রশাসন কর্তৃক মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের পুরুস্কার বিতরণী উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে আজ বুধবার বেলা ১২ টার সময় এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহার সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক, গাংনী পৌরসভার মেয়র ও জেলা আওয়ামী লীগের সদস্য আহমেদ আলী, গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম, গাংনী থানার তদন্ত অফিসার মনোজিত কুমার নন্দী।

প্রতিযোগিতা, মহান কবিতা আবৃত্তি, রচনা প্রতিযোগীতায় অংশগ্রহণকারীদের মাঝে পুরস্কার বিতরণ করেন অনুষ্ঠানের প্রধান অতিথি ডাক্তার এএসএম নাজমুল হক সাগর এমপি।

গাংনীর সাহারবাটি চারচারা বাজার কমিটির ত্রি-বার্ষিক নির্বাচন অনুষ্ঠিত

গাংনী উপজেলার সাহারবাটি চারচারা বাজারে ত্রী-বার্ষিক নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। আজ শানিবার (১৭ ফেব্রুয়ারি) সাহারবাটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সকাল ৯টা থেকে ভোট গ্রহন শুরু হয়ে বিরতিহীন ভোট প্রদান চলে দুপুর ২টা পর্যন্ত।

পরে ভোট গনণা শেষে নির্বাচনী ফলাফল ঘোষনা করেন ভোট পরিচালনা কমিটির প্রধান গাংনী বাজার কমিটির সভাপতি মো: সালাহউদ্দিন শাওন। নির্বাচনে বাজারের ব্যবসায়ী মো: মহিন আলী (চাকা) মার্কায় ৯০ ভোট পেয়ে সভাপতি এবং জয়নাল আবেদীন (ছাতা) মার্কায় ১২৫ ভোট পেয়ে সাধারণ সম্পাদক নির্বাচতি হয়েছেন। তাদের প্রতিদ্বন্দী প্রার্থী সভাপতি পদে আতাউর রহমান টোকন-(আনারস) মার্কাায় পেয়েছেন ৮৫ ভোট এবং সম্পাদক পদে প্রতিদ্বন্দী প্রার্থী মো: সাইফুল ইসলাম(তালা) মার্কায় পেয়েছেন-৫১ ভোট।

১৭৯ জন ভোটারের মধে ১৭৮জন ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগের মাধ্যমে সভাপতি ও সাধারণ সম্পাদকসহ বাজার পরিচালনা কমিটির কার্যনির্বাহী কমিটি নির্বাচিত করেছেন। সহ-সভাপতি পদে মো: রাকিব হোসেন (কাপ-পিরিচ) মার্কায় ১৩২ ভোট পেয়ে নির্বাচিত হয়েছে। তার প্রতিদ্বন্দী প্রার্থী বিল্লাল হোসেন (মোটরসাইকেল) মার্কায় পেয়েছেন-৪৪ ভোট। যুগ্ম সাধারণ সম্পাদক পদে মো: হামিদুল ইসলাম (অটোবাইক) মার্কাায় ১০১ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। তার নিকটম প্রদিদ্বন্দী প্রার্থী তারেক হোসেন (টেবিলফ্যান) মার্কায় পেয়েছেন ৭২ ভোট। কোষাধক্ষ পদে মো: তুহিন আলম (গোলাপ ফুল) মার্কায় ১০০ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন এবং তার প্রতিদ্বন্দী

প্রার্থী সাইদুল রহমান (ফুটবল) মার্কায় পেয়েছেন ৭৫ ভোট।
শতভাগ অংশ গ্রহনমুলক সাহারবাটি চারচারা বাজার কমিটির ত্রি-বার্ষিক নির্বাচনে নিরাপত্তার দায়িত্বে ছিলেন গাংনী থানা পুলিশের একটি টীম এবং স্থানীয় আনসার সদস্যরা। নির্বাচনী ফলাফল ঘোষনাকালে বাজার কমিটির আহবায়ক ইয়াসিন আলী, বাজারের প্রবীণ ব্যবসায়ী, স্থানীয় গন্যমান্য ব্যক্তিসহ নির্বাচন পরিচালনায় দায়িত্বরত ব্যক্তিরা উপস্থিত ছিলেন। পরে বিজয়ীদের গলায় ফুলের মালা দিয়ে অভিনন্দন জানান বাজারের ব্যবসায়ীরা।

গাংনীতে মাঠ দিবস অনুষ্ঠিত

গাংনীর পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) কর্তৃক সমন্বিত কৃষি ইউনিটভুক্ত মৎস্যখাতের আওতায় করমদি গ্রামে মাঠ দিবসের আয়োজন করা হয়েছে।

অনুপুষ্টি সম্পন্ন দেশীয় ছোট প্রজাতির মাছ চাষ প্রযুক্তির ওপর আয়োজিত উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এলাকার মৎস্য চাষী ও সংস্থার কর্মকর্তাবৃন্দ।

এ সময় সদস্য পর্যায়ে সচেতনতা ও প্রতিরূপায়ন বৃদ্ধির লক্ষ্যে সফল খামারীর খামার পরিদর্শনসহ প্রত্যাশিত লাভের হিসাব সরেজমিনে দেখানো হয়। উপস্থিত চাষীদের পুকুরে দেশি মাছ চাষের গুরুত্ব, গুণগত মানসম্পন্ন পোনার চাষ, পোনার প্রাপ্তি স্থানসহ অন্যান্য বিষয়ে আলোকপাত করা হয়। এছাড়াও পুকুর ব্যবস্থাপনায় বিবেচ্য বিষয়সমূহ তুলে ধরা হয়। উক্ত কার্যক্রমে আর্থিকভাবে সহায়তা করছে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

দামুড়হুদা গোবিন্দহুদা মাধ্যমিক বিদ্যালয়ে বিদায় ও বরণ অনুষ্ঠিত

দামুড়হুদার গোবিন্দহুদা মাধ্যমিক বিদ্যালয়ে নবীন বরণ, এসএসসি ২০২৪ সালের পরীক্ষার্থীদের বিদায়, বার্ষিক বনভোজন ও কৃতিশিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার সকাল ১১ টার সময় অত্র বিদ্যালয়ের আয়োজনে বিদ্যালয় প্রাঙ্গণে বিদায় ও বরণ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু। প্রধান অতিথির বক্তব্যে আলী মুনছুর বাবু বলেন, স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন ছিল সোনার বাংলাদেশ গড়ার। এদেশের মানুষ সুশিক্ষায় শিক্ষিত হবে দেশকে এগিয়ে নেবে। পৃথিবীর বুকে বাংলাদেশ নামক রাষ্ট্র মাথা উঁচু করে দাঁড়াবে। এর জন্য অবশ্যই এ জাতিকে সুশিক্ষায় শিক্ষিত হতে হবে। শিক্ষার কোন বিকল্প নেই। তারই ধারাবাহিকতায় বর্তমান প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা শিক্ষা খাতকে এগিয়ে নিতে এদেশের মানুষকে শিক্ষিত করে গড়ে তুলতে নিরলস ভাবে কাজ করে যাচ্ছেন। দেশে প্রচুর পরিমাণে স্কুল কলেজ মাদ্রাসা স্থাপন করা হয়েছে শুধুমাত্র এ জাতিকে শিক্ষিত করার জন্য। দেওয়া হচ্ছে শিক্ষা উপবৃত্তি, বিনামূল্যে বই বিতরণ করা হচ্ছে, শিক্ষার্থীদের দেওয়া হচ্ছে বাইসাইকেল। সকল রকমের সুযোগ সুবিধা সৃষ্টি করছেন জননেত্রী শেখ হাসিনা। কারণ তিনি জানেন এদেশের মানুষ যদি শিক্ষিত হয় তাহলে দেশ এগিয়ে যাবে। দেশ উন্নয়নের জোয়ারে ভাসবে। এদেশের মানুষ ভালো থাকবে। জননেত্রী শেখ হাসিনার হাত ধরে বাংলাদেশ এখন ডিজিটাল বাংলাদেশে পরিণত হয়েছে। ২০৪১ সাল পর্যন্ত বাংলাদেশ স্মার্ট বাংলাদেশে রূপান্তরিত হবে। সে জন্য আমাদের সকলকে ঐক্যবদ্ধ ভাবে কাজ করতে হবে।

গোবিন্দহুদা মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি ও উপজেলা ছাত্র লীগের সাধারণ সম্পাদক সাজু আহাম্মেদ রিংকু’র

সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ, উপজেলা আওয়ামী লীগ নেতা সেলিম উদ্দিন বগা, অত্র স্কুলের প্রধান শিক্ষক নজরুল ইসলাম মন্ডল, সহকারি প্রধান শিক্ষক মো: ইকবাল হোসেন, সদর ইউপি সদস্য সুমন আলী, আওয়ামী লীগ নেতা ফরজ, সাহেব, হাউলী ইউনিয়ন ছাত্র লীগের আহবায়ক রাসেল আহাম্মেদ সহ আমন্ত্রিত অতিথিবৃন্দ, সকল শিক্ষক শিক্ষিকা, কোমলমতি শিক্ষার্থী, অভিভাবক ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিগণ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় উপজেলা আইন শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

দামুড়হুদায় উপজেলা আইন-শৃঙ্খলা, চোরাচালান, সন্ত্রাস ও নাশকতা মানব পাচার এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বেলা ১০টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস এর সভাপতিত্বে মাসিক সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির, দর্শনা থানার ওসি অপারেশন শফিউল আলম, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী, সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, কুড়ালগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামাল উদ্দিন সহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted] [redacted] [redacted] (2020) [redacted] [redacted] [redacted]

প্রতিযোগিতা

উক্ত আয়োজনে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান, পিপিএম-সেবা, চুয়াডাঙ্গা জেলা শিক্ষা অফিসার আতাউর রহমান, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি) কবির হোসেন।

এ সময় আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি রাজীব হাসান, সাধারণ সম্পাদক বিপুল আশরাফ, চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ শেখ সেকেন্দার আলী সহ চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের কর্মকর্তা পুলিশ প্রশাসনের কর্মকর্তা ও ভিক্টোরিয়া জুবিলী সরকারি উচ্চ বিদ্যালয়ের শিক্ষকগণ সহ অভিভাবক বৃন্দ উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয় সম্মেলন কক্ষে আজ রবিবার সকাল দশটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমার সভাপতিত্বে জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত হয়।

এ সভায় আদালত সহায়তা, মানব পাচার প্রতিরোধ, সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ, সড়ক দুর্ঘটনায় নির্ভুল ও সমন্বিত পরিসংখ্যান প্রণয়ন, চোরাচালান নিরোধ, অনিস্পন্ন চোরাচালান মামলাসমূহ সম্পর্কে, শিক্ষা প্রতিষ্ঠানের শৃঙ্খলা, সড়কের শৃঙ্খলা, ফুটপাত দখলমুক্ত, দ্রব্যমূল্য সহনশীল, দেশের নিরাপত্তা ব্যবস্থা জোরদারসহ সার্বিক নিরাপত্তা ব্যবস্থা জোরদার ও আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার উপর বিস্তারিত আলোচনা হয়।

এ সময় বক্তারা সকলের সার্বিক প্রচেষ্টায় জেলা শহরের নিয়ন্ত্রিত ফুটপাত, যানবাহন ব্যবস্থাপনা ও যানজট নিরসনের এবং বাজার ব্যবস্থা মনিটরের মাধ্যমে একটি সুন্দর, সন্ত্রাস, চুরি,ডাকাতি, চোরাচালান মুক্ত চুয়াডাঙ্গা উপহার দেওয়ার জন্য সকলের সহযোগিতা

প্রত্যাশা করেন।

উক্ত সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান, পিপিএম-সেবা, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি) কবির হোসেন, চুয়াডাঙ্গা সিভিল সার্জন প্রতিনিধি ডা. ফাতেহ্ আকরাম দোলন, চুয়াডাঙ্গা সদর উপজেলার নির্বাহী অফিসার ফাতেমা-তুজ-জোহরা এবং আলমডাঙ্গা, দামুড়হুদা ও জীবননগর উপজেলার নির্বাহী অফিসার বৃন্দ সহ চুয়াডাঙ্গা জেলার বিভিন্ন দপ্তরের প্রধানগণ,জনপ্রতিনিধিবৃন্দ, সুশীল সমাজের নেতৃবৃন্দ এবং মিডিয়া ব্যক্তিবর্গ।

মুজিবনগরে কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

মুজিবনগরে গ্রামের পিছিয়ে পড়া জনগোষ্ঠীর আর্থসামাজিক উন্নয়নে সহযোগিতার মাধ্যমে সাধারণ মানুষকে প্রতিষ্ঠিত করার প্রত্যয়ে। ২০১৭ সালে মুজিবনগর উপজেলার সোনাপুর গ্রামে গড়ে ওঠে মুজিবনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন। গ্রামের সাধারণ জনগোষ্ঠীর নিজেদের টাকার সঞ্চয় দিয়ে তিল তিল করে গড়ে ওঠে মুজিবনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন। এই ক্রেডিট ইউনিয়ন স্বচ্ছতার মাধ্যমে বিভিন্ন স্কিম এর আওতায় তাদের ৯৮৬ জন সদস্যদেরকে সেবা দিয়ে যাচ্ছে।

সেই ক্রেডিট ইউনিয়ন মুজিবনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর ৭ তম বার্ষিক সাধারণ সভা -২০২৪ অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার (১১ ফেব্রুয়ারি) সকাল সাড়ে নয় টার সময় মুজিবনগর কো- অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন এর অফিস প্রাঙ্গনে এই সাধারণ সভা অনুষ্ঠিত হয়।

মুজিবনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের চেয়ারম্যান মনিরুল ইসলামের সভাপতিত্বে এবং কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের সদস্য ওমর

ফারুকের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা সমবায় অফিসার জহুরুল ইসলাম।

প্রধান আলোচক হিসাবে উপস্থিত ছিলেন, মুজিবনগর কো অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের সাধারণ সম্পাদক রকিবুল ইসলাম।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ,বাগোয়ান ইউনিয়ন পরিষদের ৩ নং ওয়ার্ড সদস্য সোহরাব হোসেন, মুজিবনগর কো অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের সহ সভাপতি জাহাঙ্গীর আলম, জেনারেল ম্যানেজার মতিয়ার রহমান, সদস্য শাহজাহান গাজী।

এসময় মুজিবনগর কো- অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের কর্মকর্তা ও কর্মচারী এবং মুজিবনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের ৯৮৬ জন সদস্য ও সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।